বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'-এর প্রথম প্রান্তিকের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম সরকার<br>ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | ২৮ আগস্ট ২০২২ |
| সভার সময় | দুপুর ০২:৩০ টা |
| স্থান | কোম্পানির প্রধান কার্যালয়ের বোর্ডরুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০। আলোচনা:

২.১। সভায় অবহিত করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এ গঠিত নৈতিকতা কমিটি কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল-কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক গত ১১ মে ২০২২ তারিখে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এ প্রেরণ এবং গত ১২ মে ২০২২ তারিখে কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়। উক্ত কর্মপরিকল্পনাটি গত ২২ জুন ২০২২ তারিখে বিএমসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ও পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের মধ্যে স্বাক্ষরিত কোম্পানির ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সংযোজনী-৪ হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত কর্ম-পরিকল্পনাটি বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির সকল বিভাগ, ডিপার্টমেন্ট, শাখা ও বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট গত ৩০ জুন ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে।

২.২। সভায় আরো উল্লেখ করা হয় যে, ২০২২-২০২৩ অর্থবছরে এপিএ-তে মোট ১০০ নম্বরের মধ্যে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য সর্বমোট ৩০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ আছে। এই ৩০ নম্বরের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ১০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ রাখা হয়েছে। ফলে এপিএ বাস্তবায়নের জন্য বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২.৩। অতঃপর সভায় বিসিএমসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২ - সেপ্টেম্বর ২০২২) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী ১ম কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা...........................................** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ১০০ | ১০০ |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩ | ১ |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার .......................................................................** | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনাওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ৩১.০৭.২২ | ৩১.০৭.২২ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.....................** | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৬০ | ৬০ |
| ৩.৪ বিলের অর্থ (২৫ লক্ষ টাকার নিচের) সরাসরি ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ | বিলের অর্থ সরাসরি ব্যাংক একাউন্টে প্রেরিত | ৮ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক | ৪০ | ৪০ |

২.৪। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ২.১ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সভাকে অবহিত করা হয় যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী বিসিএমসিএল-এর ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২২ তারিখে কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২.৫। সভাকে অবহিত করা হয় যে, বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১ টি প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে আয়োজন করতে হবে। সে অনুযায়ী প্রশাসন বিভাগ কর্তৃক উক্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৬। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। সে অনুযায়ী সেবা প্রদানকারী ডিপার্টমেন্ট/দপ্তরসমূহ কর্তৃক প্রদত্ত সেবার বিবরণ ও সেবাগ্রহীতাতের মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে সচেষ্ট হবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

২.৭। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.৪ অনুযায়ী ২৫ লক্ষ টাকার নিচের ৪০% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/শাখা কর্তৃক বিল উপস্থাপনের সময় রাউটিং নম্বর উল্লেখ করতে হবে মর্মে মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভাকে অবহিত করেন। বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট-কে অনুরোধ করার বিষয়ে সভা একমত পোষণ করে।

২.৮। সভায় উল্লেখ করা হয় যে, কোভিড পরবর্তী অর্থনৈতিক অভিঘাত এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলশ্রুতিতে বিশ্বব্যাপী জ্বালানিসহ নিত্যপণ্যের অব্যাহত মূল্য বৃদ্ধির কারণে সরকার বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার কমিয়ে আনার লক্ষ্যে সরকারি সব দপ্তরে বিদ্যুতের ব্যবহার ২৫% ও জ্বালানীর ব্যবহার ২০% হ্রাস করার জন্য সরকার নির্দেশনা প্রদান করেছে। এছাড়া, পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমুহের কর্মকর্তা-কর্মচারীগণের অফিস রুমে অনাবশ্যকভাবে এসি, ফ্যান, বাতি ইত্যাদি ব্যবহারের বিষয়ে সচেতনা বৃদ্ধি ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতের নির্দেশনা রয়েছে। তদালোকে বিসিএমসিএল-এ বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সকলকে এ সকল পদক্ষেপ বাস্তবায়নের লক্ষ্যে সহযোগিতা করা প্রয়োজন মর্মে সভা একমত পোষণ করে।

৩.০। সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১ টি প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে আয়োজন করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.১ অনুযায়ী সেবা প্রদানকারী ডিপার্টমেন্ট/দপ্তরসমূহ কর্তৃক প্রদত্ত সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>** সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট, বিসিএমসিএল।

৩.৩। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ক্রমিক ৩.৪ অনুযায়ী ২৫ লক্ষ টাকার নিচের ৪০% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ করতে হবে।

**<u>কার্যব্যবস্থায়:</u>** মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সাইফুল ইসলাম সরকার

ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২২.১৮৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯
২৯ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সারফেস অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৩) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৪) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৫) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬) উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড সেলস ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৭) উপ-মহাব্যবস্থাপক, মাইন প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৮) উপ-মহাব্যবস্থাপক, ইলেকট্রো-মেকানিক্যাল ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৯) উপ-মহাব্যবস্থাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১০) উপ-মহাব্যবস্থাপক, স্টোর ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১১) উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১২) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)- কার্যবিবরণীটি কোম্পানির ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১৩) উপ-মহাব্যবস্থাপক, পেরোল এন্ড বিল ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১৪) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক (আর.টি.এল.আর) এবং সদস্য-
সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি